



WEST BENGAL STATE UNIVERSITY  
B.A. Honours PART-III Examinations, 2018

বাংলা - সাম্মানিক

ষষ্ঠ পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১. মাণিক বন্দ্যোপাধ্যায়েয় 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসের ঘটনাবলীর প্রেক্ষিতে উপন্যাসটির নামকরণের বহুমাত্রিক তাৎপর্য ও প্রতীকী সার্থকতা বিচার করো। ১০+৫  
অথবা  
'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসের চরিত্রগুলি এক অদৃশ্য নিয়তি শক্তির অধীন— এই মন্তব্যের সঙ্গে তুমি কি একমত? যুক্তিসহ আলোচনা করো। ১৫
২. একদিকে ইতিহাসের মিথ অন্যদিকে রক্তমাংসের বীর যোদ্ধা এই দুইয়ের নিপুণ সমন্বয়ে নির্মিত হয়েছে বীরসার চরিত্র— আলোচনা করো। ১৫  
অথবা  
'অরণ্যের অধিকার' উপন্যাসে বর্ণিত ইতিহাসের বিচার করতে হবে নিম্নবর্ণের মানুষের ইতিহাসের দৃষ্টিকোণ থেকে।— আলোচনা করো। ১৫
৩. 'সে নির্জন দ্বিপ্রহরের মতো শব্দহীন এবং সঙ্গীহীন'— রবীন্দ্রনাথ সৃষ্ট ছোটগল্পের কোন্ চরিত্রের বৈশিষ্ট্য উপরিউক্ত বক্তব্য সঙ্গীকৃত করে প্রকাশ রূপ লাভ করে — আলোচনায় স্পষ্ট রূপ দান করো। ১৫  
অথবা  
'ল্যাবরেটরি' গল্পের সোহিনী "একেবারে এখনকার যুগের সাদায়-কালোয় মিশানো খাঁটি রিয়ালিজম, অথচ তলায়-তলায় অন্তঃসলিলার মতো আইডিয়ালিজম।"— সোহিনী প্রসঙ্গে রবীন্দ্রকথিত এই মূল্যায়নটি ব্যাখ্যা করো। ১৫
৪. 'পয়োমুখম্' গল্পে মানব চরিত্রের পৈশাচিকতার অনাবৃত রূঢ় প্রকাশ ঘটলেও ফল পরিণামে পাঠকের প্রত্যাশাই পূর্ণ হয় — আলোচনা করো। ১৫  
অথবা  
গল্পকারের আর্থ-সামাজিক সচেতনতার একটি উল্লেখযোগ্য জীবন্ত দলিল 'ফসিল'— আলোচনা করো। ১৫

৫. দাঙ্গার পটভূমিতেও মাথা তুলে দাঁড়ায় সাম্প্রদায়িক সম্প্রীতি ও মানবতাবোধের বন্ধন- 'আদাব' গল্প অবলম্বনে উপরিউক্ত বক্তব্যের অন্তর্নিহিত অর্থ পরিস্ফুট করো। ১৫
- অথবা
- ভালোবাসা ও মনুষ্যত্ববোধের প্রকাশ রূপই হল 'মতিলাল পাদরী' গল্পের ভিত্তিভূমি- আলোচনা করো। ১৫
৬. (ক) "সংসারে মানুষ চায় এক, হয় আর। চিরকাল এমনি দেখে আসছি ডাক্তারবাবু।"- কার উক্তি? কেন এবং কোন্ প্রসঙ্গে বক্তার এই উক্তি? ১+২+২
- অথবা
- "মাটির টিলাটির উপর সূর্যাস্ত দেখিবার শখ এ জীবনে আর একবার ও শশীর আসিবে না"- কোন্ প্রসঙ্গে কেন একথা বলা হয়েছে? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩
- (খ) "দুটো ছেলে আমার বড় আরো হবে। লেখাপড়া জানলে ওরা কাছারির হাকিমের কথা বুঝবে।"- কে কাকে বলেছে? সপ্রসঙ্গ বক্তব্যটি ব্যাখ্যা করো। ১+১+৩
- অথবা
- "কেন জমি ছাড়ব কেন? জঙ্গল আমাদের নয়? জমি আমাদের নয়?"- কাদের ভাবনার কথা বলা হয়েছে? সপ্রসঙ্গ উক্ত ভাবনার বিষয়টি ব্যাখ্যা করো। ২+৩
- (গ) "ওঃ আমাদের ডাক্তারবাবুর কন্যা"- কে কাকে একথা বলেছে? প্রসঙ্গটি যথাযথভাবে বুঝিয়ে লেখো। ১+৪
- অথবা
- "আমি চললুম, আমাকে খুঁজতে চেষ্টা করো না। করলেও খুঁজে পাবে না।"- বক্তা কে? উদ্দিষ্ট ব্যক্তি কে? প্রসঙ্গ উল্লেখ পূর্বক উদ্ধৃতাংশটির ব্যাখ্যা করো। ১+১+৩
- (ঘ) বসতবাড়ি ভাড়া দিয়েছি বলে ভোটার তালিকায় নাম থাকবে না আমার।"- কোন্ গল্পে কার উক্তি? প্রসঙ্গ উল্লেখ করো। ১+১+৩
- অথবা
- 'সেদিন অনেকদিন পরে ভাল সিগারেট টেনেছিল সুরত। কিন্তু ঠিক যেন আগেকার মত স্বাদ নেই'- কোন্ গল্পের অংশ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪
- (ঙ) "তোমাদের এই কলকাতা দিন দিন আধুনিক হচ্ছে।"- কে কাকে কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছে, প্রসঙ্গ উল্লেখ করো। ১+১+৩
- অথবা
- 'ওস্তাদ ছেলে। পৌত্তলিক হবার পর নিজের দেবতাও বেছে নিয়েছে এমন এক দাড়িওয়ালাকে, যে কলমা পড়ে।' কে কাকে একথা বলেছে? 'দাড়িওয়াল' বলতে কাকে বোঝানো হয়েছে? উক্তিটির মধ্য দিয়ে কোন্ মনোভাব প্রকাশ পেয়েছে? ১+১+১+২